রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক অধিশাখা

www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/০৩ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.১০১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যাবলি চিহ্নিতকরণ ও সম্পাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে ওয়ার্কিং-গ্রুপকে সহায়তা করার নিমিত্ত আটটি সাব-গ্রুপ কমিটি নিম্নরূপে গঠন করেছে:

১.১। **কমিটির নাম :** ইন্টারন্যাশনাল অবলিগেশনস, লিগ্যাল এন্ড রেগুলেটরি অ্যাসপেক্টস এবং নিউক্লিয়ার সেফটি এন্ড সিকিউরিটি (International Obligations, Legal and Regulatory Aspects and Nuclear Safety and Security) সাব-গ্রুপ।

১.২। **সাব-গ্রুপ-এর গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| (৫) | প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| (৬) | প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |
| (৯) | ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| (১০) | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | সদস্য |
| (১১) | অনুবিভাগ প্রধান (পারমাণবিক শক্তি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব। |

১.৩। **সাব-গ্রুপ-এর কার্যপরিধি :**

(১) বাংলাদেশ পরমাণু শক্তি আইন ২০১২-এর অধীন বিধিমালা ও প্রবিধানমালাসহ যাবতীয় প্রবিধি ও সংবিধি চূড়ান্তকরণ এবং রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে যথাযথ আইন প্রণয়নে উদ্যোগ গ্রহণ;

(২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় International Legal Instruments চিহ্নিতকরণ এবং সেগুলো স্বাক্ষরের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(৩) একটি কার্যকর, স্বাধীন এবং উপযুক্ত নিউক্লিয়ার রেগুলেটরি বডি স্থাপনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৪) দেশে পারমাণবিক সেফটি কালচার গড়ে তোলার লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ;

(৫) পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র সংশ্লিষ্ট স্থাপনাসমূহ এবং পারমাণবিক দ্রব্যাদি পরিবহণ ও গুদামজাতের জন্য উপযুক্ত ফিজিক্যাল প্রটেকশন ব্যবস্থা গড়ে তোলার নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ; এবং

(৬) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 1, 2, 5, 6, 7, 8, 14 এবং 15 অনুসরণ করবে।

১.৪। সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৫। মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার যুগ্মসচিব/ সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।

১.৬। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৭। সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২.১। **কমিটির নাম** : মালিকানা/ ইনস্টিটিউশনাল ফ্রেমওয়ার্ক (Ownership/Institutional Framework) সাব-গ্রুপ

২.২। **সাব-গ্রুপ-এর গঠন** :

| | | |
|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| (৪) | প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | প্রতিনিধি, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| (৮) | অনুবিভাগ প্রধান (পারমাণবিক শক্তি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |
| (১০) | ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| (১১) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য-সচিব। |

২.৩। **সাব-গ্রুপ-এর কার্যপরিধি** :

(১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অর্গানাইজেশন অবয়ব প্রতিষ্ঠা করা;

(২) সাইট নিরাপত্তা প্রতিবেদন চূড়ান্তকরণ এবং প্রকল্প এলাকার ভৌত অবকাঠামো উন্নয়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৩) প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি এবং বিদ্যুৎকেন্দ্র পরিচালনার বিষয়ে সুপারিশমালা প্রণয়নের জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ;

(৪) প্রকল্প বাস্তবায়নে দেশীয় প্রতিষ্ঠানসহ প্রযুক্তি সরবরাহকারীর সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; এবং

(৫) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 3 অনুসরণ করবে।

২.৪। সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

২.৫। মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থার যুগ্মসচিব/ সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।

২.৬। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২.৭। সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৩.১। **কমিটির নাম :** নিউক্লিয়ার ফুয়েল সাইকেল এন্ড ম্যানেজমেন্ট অব রেডিওএ্যাকটিভ ওয়েস্ট এন্ড ডিকমিশনিং (Nuclear Fuel Cycle and Management of Radioactive Waste and Decommissioning) সাব-গ্রুপ

৩.২। **সাব-গ্রুপ-এর গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | অনুবিভাগ প্রধান (পারমাণবিক শক্তি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ | সদস্য |
| (৯) | ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| (১০) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য-সচিব। |

৩.৩। **সাব-গ্রুপ-এর কার্যপরিধি :**

(১) বাংলাদেশের জন্য উপযোগী একটি Nuclear Fuel Cycle Policy প্রণয়ন করা;

(২) পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের সরবরাহকারীর নিকট থেকে কেন্দ্রের জীবদ্দশায় জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় শর্তাবলি নির্ধারণ;

(৩) পারমাণবিক জ্বালানি ক্রয় অথবা ফুয়েল সাইকেল উন্নয়ন ক্ষমতা অথবা পুনরায় ব্যবহারের উপযোগিতা বিবেচনা করে দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন;

(৪) সরবরাহকারীর নিকট Spent Fuel ফেরত প্রদানের পূর্ব পর্যন্ত অস্থায়ী মেয়াদে Spent Fuel Storage এর বিষয়ে দিকনির্দেশনা নির্ধারণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৫) Radioactive Waste Handling, Storage and Disposal বিষয়ে দিকনির্দেশনা নির্ধারণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৬) প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত Environmental Impact Assessment সম্পন্নকরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; এবং

(৭) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 13, 16 এবং 17 অনুসরণ করবে।

৩.৪। সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩.৫। মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।

৩.৬। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩.৭। সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৪.১। **কমিটির নাম** : ডেভেলপমেন্ট অব হিউম্যান রিসোর্সেস (Development of Human Resources) সাব-গ্রুপ:

৪.২। **সাব-গ্রুপ-এর গঠন** :

| | | |
|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | অনুবিভাগ প্রধান (পারমাণবিক শক্তি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |
| (৯) | প্রতিনিধি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| (১০) | চেয়ারম্যান, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (১১) | পরিচালক, ইনস্টিটিউট অব নিউক্লিয়ার পাওয়ার ইঞ্জিনিয়ারিং, বুয়েট | সদস্য |
| (১২) | বিভাগীয় প্রধান, নিউক্লিয়ার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, মিলিটারি ইনস্টিটিউট অফ সায়েন্স এন্ড টেকনোলজি (MIST) | সদস্য |
| (১৩) | ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| (১৪) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য-সচিব। |

৪.৩। **সাব-গ্রুপ-এর কার্যপরিধি :**

(১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প পরিচালনার জন্য প্রকল্পের বিভিন্ন পর্যায়ে প্রয়োজনীয় জনবল নির্ধারণ;

(২) দেশীয় এবং প্রকল্প সরবরাহকারীর উৎস হতে প্রয়োজনীয় প্রশিক্ষণের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং তা বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ;

(৩) প্রযুক্তি সরবরাহকারীর সহযোগিতায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের O & M Design সম্পর্কিত এবং প্রকল্প ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় দক্ষ পেশাজীবী গড়ে তোলার লক্ষ্যে On the job training-এর বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাবনা পেশকরণ;

(৪) প্রকল্পের সাথে সম্পৃক্ত অন্যান্য পেশাজীবীদের জন্য আন্তর্জাতিক মানদণ্ডের নিরিখে প্রয়োজনীয় প্রশিক্ষণের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণসহ তা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৫) দেশীয় বিশ্ববিদ্যালয়সমূহে পারমাণবিক প্রযুক্তি বিষয়ক মৌলিক ও কারিগরি গবেষণার ক্ষেত্রসমূহ সম্প্রসারণের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ; এবং

(৬) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 10 অনুসরণ করবে।

৪.৪। সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪.৫। মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার যুগ্মসচিব/ সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।

৪.৬। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪.৭। সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৫.১। **কমিটির নাম :** ন্যাশনাল পার্টিসিপেশন (National Participation) সাব-গ্রুপ

৫.২। **সাব-গ্রুপ-এর গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| (৫) | প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | প্রতিনিধি, গৃহায়ণ ও গনপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | প্রতিনিধি, বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| (৮) | প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | প্রতিনিধি, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর | সদস্য |
| (১০) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য |
| (১১) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |
| (১২) | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | সদস্য |
| (১৩) | ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| (১৪) | অনুবিভাগ প্রধান (পারমাণবিক শক্তি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব। |

৫.৩। **সাব-গ্রুপ-এর কার্যপরিধি** :

(১) প্রকল্পের জন্য দেশজ নির্মাণ সামগ্রী/ দ্রব্যাদি ও সেবা প্রদানে জাতীয় যোগ্যতা নিরূপণ;

(২) জাতীয় স্থাপনা নির্মাণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে প্রকল্পে অংশগ্রহণে উৎসাহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৩) প্রকল্পের পার্শ্ববর্তী এলাকায় সরকারি অব্যবহৃত স্থাপনাসমূহ প্রকল্প বাস্তবায়নের পর্যায়ে প্রয়োজন মোতাবেক ব্যবহার করা যায় কি না, তা চিহ্নিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ; ও

(৪) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 11, 12 এবং 18 অনুসরণ করবে।

৫.৪। সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৫.৫। মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার যুগ্মসচিব/ সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।

৫.৬। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫.৭। সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৬.১। **কমিটির নাম** : ফাইন্যান্সিং (Financing) ও ক্রয় (Procurement) সাব-গ্রুপ

৬.২। **সাব-গ্রুপ-এর গঠন** :

| | | |
|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | প্রতিনিধি, বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| (৪) | প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| (৫) | প্রতিনিধি, অর্থ বিভাগ | সদস্য |
| (৬) | প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (৭) | প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | প্রতিনিধি, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) | সদস্য |
| (৯) | অনুবিভাগ প্রধান (পারমাণবিক শক্তি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| (১১) | ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি | সদস্য |
| (১২) | ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| (১৩) | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | সদস্য |
| (১৪) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য-সচিব। |

৬.৩। **সাব-গ্রুপ-এর কার্যপরিধি** :

(১) প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থের উৎসসমূহ চিহ্নিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(২) অর্থায়নের শর্তাবলি ও পদ্ধতি চিহ্নিতকরণে যথাযথ উদ্যোগ গ্রহণ;

(৩) কেন্দ্র থেকে উৎপাদিত বিদ্যুৎ বিপণনের নিমিত্ত একটি উপযুক্ত নীতিমালা প্রণয়নে উদ্যোগ গ্রহণ;

(৪) পারমাণবিক বিদ্যুৎ উৎপাদন-প্রযুক্তি সংশ্লিষ্ট আন্তর্জাতিক Procurement-এর জন্য বিদ্যমান জাতীয় নীতিমালাসমূহের যথাযথ যাচাই ও এ সংক্রান্ত পরিবর্তন ও পরিবর্ধনের জন্য সুপারিশমালা প্রণয়ন; এবং

(৫) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 4 এবং 19 অনুসরণ করবে।

৬.৪। সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৬.৫। মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।

৬.৬। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৬.৭। সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৭.১। **কমিটির নাম :** গ্রিড সিস্টেম ডেভেলপমেন্ট (Grid System Development) সাব-গ্রুপ

৭.২। **সাব-গ্রুপ-এর গঠন** :

| | | |
|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | প্রতিনিধি, বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| (৫) | প্রতিনিধি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| (৬) | প্রতিনিধি, পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি | সদস্য |
| (৭) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |
| (৯) | চেয়ারম্যান, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (১০) | বিভাগীয় প্রধান, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট | সদস্য |
| (১১) | বিভাগীয় প্রধান, ইলেক্ট্রিক্যাল, ইলেট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ, মিলিটারি ইনস্টিটিউট অফ সায়েন্স এন্ড টেকনোলজি (MIST) | সদস্য |
| (১২) | ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| (১৩) | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | সদস্য |
| (১৪) | অনুবিভাগ প্রধান (পারমাণবিক শক্তি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব। |

৭.৩। **সাব-গ্রুপ-এর কার্যপরিধি** :

(১) ভবিষ্যতে জাতীয় Grid-এ পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র সংযোজনের জন্য বর্তমান Grid System-এর প্রয়োজনীয় সম্প্রসারণের জন্য উদ্যোগ গ্রহণ;

(২) Grid System-এর Reliability নিশ্চিতকরণের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ;

(৩) পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে সরবরাহের জন্য অন-সাইট Power System স্থাপনে এবং প্রয়োজনবোধে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য অফ-সাইট Power প্রাপ্তির সম্ভাব্যতা বিষয়ে উপযুক্ত প্রতিবেদন প্রণয়নের উদ্যোগ গ্রহণ; এবং

(৪) সাব-গ্রুপ IAEA Nuclear Energy Series No. NG-G-3.1-এর Infrastructure Issues 9 অনুসরণ করবে।

৭.৪। সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৭.৫। মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার যুগ্মসচিব/ সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।

৭.৬। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৭.৭। সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৮.১। **কমিটির নাম** : ভারী যন্ত্রপাতি ট্রান্সপোর্টেশন প্ল্যানিং (Heavy Equipment transportation Planning) সাব-গ্রুপ

৮.২। **সাব-গ্রুপ-এর গঠন** :

| | | |
|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | অনুবিভাগ প্রধান (পারমাণবিক শক্তি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | প্রতিনিধি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| (৬) | প্রতিনিধি, সেতু বিভাগ | সদস্য |
| (৭) | প্রতিনিধি, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | প্রতিনিধি, নৌপরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | প্রতিনিধি, বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | প্রতিনিধি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (BIWTA) | সদস্য |
| (১১) | প্রতিনিধি, চট্টগ্রাম/মংলা/পায়রা বন্দর কর্তৃপক্ষ (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (১২) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |
| (১৩) | ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| (১৪) | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | সদস্য |
| (১৫) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য-সচিব। |

৮.৩। **সাব-গ্রুপ-এর কার্যপরিধি** :

(১) প্রকল্প বাস্তবায়নের জন্য ভারী নির্মাণ সামগ্রী ও যন্ত্রপাতি পরিবহণে যথার্থ পরিবহণ রুট নির্ধারণ ও এ সংক্রান্ত কাজে দেশীয় সক্ষম পরিবহণ প্রতিষ্ঠানসমূহ চিহ্নিতকরণ;

(২) দীর্ঘমেয়াদে প্রকল্প বাস্তবায়নকালীন পরিবহণ সংশ্লিষ্ট সুবিধা/ অসুবিধাসমূহ নির্ধারণ; এবং

(৩) পরিবহণ ক্ষেত্রে মৌসুমী জলবায়ু সংশ্লিষ্ট অন্তরায়সমূহ অতিক্রমে বিকল্প পরিবহণ ব্যবস্থার সুপারিশ প্রণয়ন।

৮.৪। সাব-গ্রুপ প্রয়োজনে বিষয়ভিত্তিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৮.৫। মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার যুগ্মসচিব/সমমানের পদমর্যাদার নিচের কোনো কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে মনোনীত করা যাবে না।

৮.৬। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৮.৭। সাব-গ্রুপের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৯। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৭ নভেম্বর ২০২৪ তারিখের *০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.১৯৩* স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

১০। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(বেবী পারভীন)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)।
ফোন: ০২-২২৬৬৪১০০৯
e-mail: js_economic@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd